বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল, ঢাকা-১০০০

Phone : 9515586, 9552996
Email:dgmlpo@krishibank.org.bd

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০২০/ ১০৮৮৬ তারিখ : ১৭-১২-২০১৯ইং

সকল উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক (ব্যাচ সংশ্লিষ্ট)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : **EFTN, High Value (HV), Regular Value (RV) এর Net Settlement Amount Flora Bank(CBS) এ ১১১০-অনলাইন পোস্টিং এর পরিবর্তে ব্যাচশাখা পর্যায়ে EFTN Net Settlement Amount-আদায়যোগ্য উপখাত ১৩১/১৫৬ এবং HV ও RV Net Settlement Amount-আদায়যোগ্য উপখাত ১৩১/১৫৭তে পোস্টিং প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্নিত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অত্র কার্যালয়ের ২৪/০৯/২০১৯ ইং তারিখের পত্র নং-৭৫০ মোতাবেক গত ০১/১০/২০১৯ ইং তারিখ হতে BACH শাখাসমূহ EFTN, High Value (HV), Regular Value (RV) এর Net Settlement Amount পার্কিং হিসাবখাত ১৩১/১২০ অথবা ৪১/৮১ তে পোস্টিং হয়ে আসছে। অতঃপর EFTN, HV, RV Net Settlement Amount বিকেবি এলপিওতে ১১১০ অনলাইন জিএল হিসাব, ১৩১/১৫৬ এবং ১৩১/১৫৭ উপখাতে স্থানান্তর করা হচ্ছে। উক্ত পদ্ধতি আগামী ১৯/১২/২০১৯ ইং তারিখ পর্যন্ত কার্যকর থাকবে। আগামী ২২/১২/২০১৯ ইং তারিখ হতে অত্র কার্যালয়ের ২৪/০৯/২০১৯ ইং তারিখের পত্র নং-৭৫০ মোতাবেক শাখা কর্তৃক EFTN, HV, RV এর Net Settlement Amount পার্কিং হিসাবখাত ১৩১/১২০ এবং ৪১/৮১ এর পরিবর্তে সরাসরি EFTN Net Settlement Amount ১৩১/১৫৬ এবং HV, RV এর Net Settlement Amount ১৩১/১৫৭ হিসাব উপখাতে পোস্টিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, BACH সিস্টেম হতে প্রাপ্ত Net Settlement Report মোতাবেক Flora Bank(CBS) এ ডেবিট-ক্রেডিট করতে হবে।

০৩। পক্ষান্তরে, ১১১০ অনলাইনের মাধ্যমে আপনার শাখার সাথে বিকেবি এলপিওর **BACH** সংক্রান্ত যে দেনা-পাওনার হিসাব তা বিকেবি এলপিও হতে আপনার শাখায় **EFTN** এর ক্ষেত্রে ১৩১/১৫৬ উপখাতে এবং **HV** ও **RV** এর ক্ষেত্রে ১৩১/১৫৭ উপখাতে স্থানান্তর করা হবে। উক্ত **Net Settlement Amount** দৈনিক ভিত্তিতে ১৩১/১৫৬ ও ১৩১/১৫৭ উপখাত সমন্বয় হবে।

| বরাদ্দকৃত উপ-খাতের শিরোনাম | মূল খাত | বরাদ্দকৃত উপখাত | হিসাব নম্বর |
|---|---|---|---|
| EFTN Net Settlement Account | ১৩১ | ১৫৬ | ৯০২২৫৪ |
| Clearing Net Settlement Account | ১৩১ | ১৫৭ | ৯০২২৫৫ |

০৪। BACH সিস্টেম হতে EFTN এর ২(দুই)টি সেশনের Branch wise Inward Items রিপোর্ট মোতাবেক BACH শাখাসমূহ প্রতিদিন Flora Bank (CBS)-এ Account wise ডেবিট-ক্রেডিট পোস্টিং দিবে এবং স্থানান্তর ভাউচারের ডেবিট-ক্রেডিট পার্শ্বের পার্থক্য Zone wise Summary Report এর "Net Amount"- EFTN Net Settlement Amount হিসেবে Flora Bank(CBS)-এ ১৩১/১৫৬ আদায়যোগ্য উপখাতে পোস্টিং দিয়ে ভাউচারটি সম্পন্ন করবে। সংশ্লিষ্ট ভাউচারসমূহ Flora Bank(CBS) Report থেকে প্রিন্ট করে মূল ভাউচারের সাথে সংযুক্তি রাখতে হবে।

চলমান পাতা-০২

০৫। শাখাসমূহ BACH সিস্টেমে "ICE(Inward Cheque Envelope) & OCE(Outward Cheque Envelope) are ok" মেসেজ দেখে High Value (HV) ও Regular Value (RV) Inward ইন্সট্রুমেন্টসমূহ প্রিন্ট করে Flora Bank (CBS)-এ নির্দিষ্ট হিসাবে শাখা পোস্টিং দিবে। সংশ্লিষ্ট কর্মকর্তা HV ও RV Outward ইন্সট্রুমেন্টসমূহ নির্ধারিত সময়ের মধ্যে BACH সিস্টেমে Scan, Make & Check কার্য সম্পন্ন করবে। পরবর্তীতে HV ও RV এর পৃথক স্থানান্তর ভাউচারের ডেবিট-ক্রেডিট পার্শ্বের পার্থক্য Net Settlement Report অনুযায়ী Flora Bank (CBS) এ ১৩১/১৫৭ আদায়যোগ্য উপখাতে পোস্টিং দিয়ে ভাউচারটি শাখা সম্পন্ন করবে। সংশ্লিষ্ট ভাউচারসমূহ Flora Bank(CBS) Report থেকে প্রিন্ট করে মূল ভাউচারের সাথে সংযুক্তি হিসাবে রাখতে হবে।

০৬। শাখাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা EFTN, High Value ও Regular Value সংক্রান্ত ভাউচার পোস্টিং এবং অথোরাইজেশন কার্য সম্পন্ন করবে এবং উপরোল্লেখিত উপখাতদ্বয়ে ডেবিট-ক্রেডিট উভয়পার্শ্বে EFTN, HV, RV এর Net Settlement Amount অনুযায়ী সমপরিমান পোস্টিং স্বাপেক্ষে ব্যালেন্স শুণ্য(০) নিশ্চিত করবে। Flora Bank (CBS) Report হতে প্রতিদিন উক্ত উপখাতদ্বয়ের Statement প্রিন্ট করে অবশ্যই ব্যাচ সংশ্লিষ্ট কর্মকর্তা ও ২য় কর্মকর্তা/ব্যবস্থাপকের স্বাক্ষরপূর্বক তা মূল ভাউচারের সাথে শাখা সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, পরবর্তীতে উক্ত উপখাতদ্বয়ে কোন অসামঞ্জস্য বা অসমন্বিত এন্ট্রি পরিলক্ষিত হলে তার সম্পূর্ণ দায়ভার সংশ্লিষ্ট ব্যাচ শাখার তৎকালীন ব্যাচ সংশ্লিষ্ট কর্মকর্তা ও ২য় কর্মকর্তা/ব্যবস্থাপকের উপর বর্তাবে।

০৭। উল্লেখ্য প্রতিদিন Regular Value Net Settlement Amount অনুযায়ী বিকেবি এলপিওর সাথে দেনা-পাওনা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সকল ব্যাচ শাখাকে Flora Bank (CBS) এ Day End Process সম্পন্ন না করার জন্য নির্দেশ দেওয়া হলো। যদি কোন ব্যাচ শাখা এলপিওর সাথে দেনা-পাওনা নিষ্পত্তি না করে শাখার Day End Process Complete করে ফেলেন তবে উক্ত শাখার ব্যাচ সংশ্লিষ্ট কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ ২য় কর্মকর্তা ও ব্যবস্থাপক অসমন্বিত ও দায়িত্বহীন কাজের জন্য জবাবদিহিতার সম্মুখীন হবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(জহিরুল ইসলাম ভূঞা)
মহাব্যবস্থাপক(দায়িত্বে)

---

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০১৯-২০২০/ তারিখ : ১৭-১২-২০১৯ইং

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো</u> :

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা' কে পত্রটি ব্যাংকের Website এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৮। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

(মোঃ শাহ আলম)
উপ-মহাব্যবস্থাপক